**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 25-04.2026** | **Desk in Charge: SDG**
**Time: 7-35AM** | **Edit. & Compile: DSS**
**DEO: KB** | **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফায় কোনো ভোট কেন্দ্রেই পুনর্নির্বাচন হবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ ভোটের সময় দায়িত্বে গাফিলতি ও নিরপেক্ষতা বজায় রাখতে ব্যর্থতার অভিযোগে ডায়মন্ড হারবারের অতিরিক্ত পুলিশ সুপার সহ পাঁচ আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপের নির্দেশ।

৩/ রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও চূড়ান্ত দফায় ৭-টি জেলার ১৪২টি আসনে আগামী ২৯ এপ্রিল ভোট গ্রহণের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে। **#**ভোটের আগে শেষ শনিবারে সব দলের প্রার্থীরাই মিটিং, মিছিল, পথসভা করে ভোটারদের মন জয় করার চেষ্টা চালাচ্ছেন।

৪/ রাজ্যের সঙ্কটপ্রবণ বুথগুলোতে একতরফাভাবে CRPF মোতায়েন করা হয়েছে - এই দাবি করে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলা, খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। **#**মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর, হাইকোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছে।

৫/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে, “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন।

৬/ বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যজুড়ে ঝড় বৃষ্টির পূর্বাভাস।

***************************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফায় ৪৪ হাজার ৩৭৬'টি ভোট গ্রহণ কেন্দ্রের কোথাওই পুনর্নির্বাচন হবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। কমিশনের তরফে বলা হয়েছে এই দফায়, বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া কোথাও কোনো বড় রকমের হিংসা ছাড়াই ভোটগ্রহন সম্পন্ন হয়েছে। পর্যবেক্ষকদের রিপোর্ট ও বাস্তবিক নানা তথ্য সহ নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখার পর এই দফায় শান্তিপূর্ণ ভোটগ্রহণ হওয়ার কারণেই এই সিদ্ধান্ত বলেও কমিশন জানিয়েছে।

উল্লেখ্য, রাজ্যের প্রথম দফার নির্বাচনে ১৬ টি জেলার ১৫২'টি আসনে রেকর্ড ৯২ দশমিক ৮/৮ শতাংশ ভোট পড়ে। কেন্দ্রীয় বাহিনী ও মাইক্রো অবজার্ভারের উপস্থিতিতে নির্ভয়ে ভোটদান সুনিশ্চিত করার ফলেই এই সাফল্য বলে মনে করা হচ্ছে।

***********************

নির্বাচন কমিশন, ভোটের সময় দায়িত্বে গাফিলতি ও নিরপেক্ষতা বজায় রাখতে ব্যর্থতার অভিযোগে ডায়মন্ড হারবার পুলিশ জেলার একাধিক আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপের নির্দেশ দিয়েছে। এরা হলেন, ডায়মন্ড হারবার পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার সন্দীপ গড়াই, SDPO সজল মণ্ডল, ডায়মন্ড হারবার থানার আইসি মৌসম চক্রবর্তী, ফলতা থানার আইসি অজয় বাগ এবং উস্তি থানার আইসি শুভেচ্ছা বাগ।

এছাড়া ডায়মন্ড হারবারের পুলিশ সুপার ইশানি পালের বিরুদ্ধেও সতর্কবার্তা জারি করেছে কমিশন। নির্বাচনের মতো সংবেদনশীল সময়ে অধস্তন আধিকারিকদের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখতে ব্যর্থতার অভিযোগেই এই পদক্ষেপ বলে জানা গিয়েছে।

নির্বাচন কমিশনের তরফে, এই নির্দেশ অবিলম্বে কার্যকর করতে বলা হয়েছে। আজ সকাল ১১টার মধ্যে এই সংক্রান্ত রিপোর্ট জমা দিতে হবে।

***********************

প্রথম দফার বিধানসভার ভোটদানের পর কঠোর নিরাপত্তায় EVM-গুলি রাখা হলেও রাজ্যে কয়েকটি জায়গা থেকে অশান্তির খবর পাওয়া গেছে।

কোচবিহার পলিটেকনিক কলেজে স্ট্রং রুমের সিসি টিভি ক্যামেরা বন্ধ থাকার অভিযোগ তুলেছে তৃণমূল কংগ্রেস। এবিষয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছেন কোচবিহার-দক্ষিণ বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী।

অন্যদিকে, মালদার হবিবপুর বিধানসভায় বামনগোলা ব্লকের ঘোলাডাঙ্গা এলাকায় EVM নিয়ে যাওয়ার সময়ে ব্যাপক উত্তেজনা ছড়ায়। গ্রামবাসীদের অভিযোগ, ২৯ নম্বর বুথে দুটি EVM যে গাড়িতে নিয়ে যাওয়া হচ্ছিল, সেই গাড়ি থেকেই অতিরিক্ত দুটি অব্যবহৃত EVM উদ্ধার হয়েছে। খবর পেয়ে বিজেপি প্রার্থী ঘটনাস্থলে পৌঁছন। ইভিএম-গুলি উদ্ধার করেছে কেন্দ্রীয় বাহিনী। যদিও রিটার্নিং অফিসারের দাবি রিজার্ভে রাখা ইভিএমগুলি সেখানে ছিল।

বীরভূমের বোলপুর মহকুমাশাসকের কার্যালয়ে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ইভিএম লুঠের অভিযোগ তুলেছে বিজেপি। এই নিয়ে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর সামনে দফায় দফায় বিক্ষোভ দেখায় তারা।

**********************

কোচবিহারের জিরানপুর অঞ্চলের ২১০ নম্বর বুথের বুথ সভাপতি, বিজেপির পোলিং এজেন্ট শ্যামল দাসকে গতসন্ধ্যায় বাড়িতে গিয়ে মারধরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। পরে ওই বিজেপি নেতাকে কোচবিহার MJN মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তৃণমূল অবশ্য অভিযোগ অস্বীকার করেছে ।

**********************

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও চূড়ান্ত দফায় ৭-টি জেলার ১৪২টি আসনে আগামী ২৯ এপ্রিল ভোট গ্রহণের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে। প্রচার শেষ হতে বাকি আর দিন দুয়েক। ভোটের আগে শেষ শনিবারে সব দলের প্রার্থীরাই মিটিং, মিছিল, পথসভা করে ভোটারদের মন জয় করার চেষ্টা চালাচ্ছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রচার কর্মসূচিতে অংশ নেবেন। দুপুরে পূর্ব বর্ধমানের জামালপুরে সেলিমাবাদ তরুণ সংঘ

ময়দানে এবং পরে হাওড়ার শ্যামপুরে জনসভা করবেন তিনি। বিকেলে হাওড়ার রামরাজাতলা ও সন্ধ্যায় দক্ষিণ কলকাতার রানিকুঠিতে রোড শো করবেন। আরেক বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আজ সকালে পূর্ব বর্ধমানের রায়নাতে রোড শো করবেন। বর্ধমান উত্তর বিধানসভার বিজেপি প্রার্থীর সমর্থনে তিনি বাজেপ্রতাপপুরে 'বিজয় সংকল্প যাত্রা'-তেও সামিল হবেন। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ'ও পূর্ব বর্ধমানের কাটোয়া স্টেডিয়ামে দলীয় প্রার্থীর সমর্থনে 'বিজয় সংকল্প যাত্রা'-করবেন।

বিজেপি সভাপতি নিতিন নবীন'ও আজ কলকাতায় আসছেন। সকালে তিনি বরানগর থেকে টবিন রোড বাস স্ট্যান্ড পর্যন্ত রোড শো করবেন। এছাড়া দুপুরে উত্তর ২৪ পরগণার অশোকনগর কল্যাণগড় মোড়, বিকেলে হুগলীর শ্রীরামপুরে রোড শো এবং সন্ধ্যায় হাওড়ার একটি মলে তার বুদ্ধিজীবীদের সঙ্গে মতামত বিনিময় কর্মসূচী রয়েছে।

তৃণমূল কংগ্রেসে নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির আজ কলকাতার ভবানীপুর, হুগলীর কোন্নগর সহ বেশ কয়েকটি জায়গায় কর্মসূচি আছে। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি, বসিরহাট এবং ক্যানিং পশ্চিমে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন। পরে বালিতে একটি পদযাত্রায় অংশ নেবেন তিনি।

কংগ্রেস নেতা, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, রাজ্যে আজ তিনটি জনসভায় বক্তব্য রাখবেন। হুগলির শ্রীরামপুর, কলকাতায় শহীদ মিনারে ও মেটিয়াবুরুজে দলীয় প্রার্থীদের সমর্থনে তিনি জনসভা করবেন।

CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ হাওড়ার সাঁকরাইলে রোড শো করবেন। বিকেলে তাঁর আমতা ও বাগনানে প্রচার কর্মসূচী রয়েছে। পানিহাটীতে দলের প্রার্থীর সমর্থনেও সকালে এক রোড শো-এর আয়োজন করা হচ্ছে। খড়দায় দলীয় প্রার্থীর সমর্থনে মিছিলে অংশ নেবেন প্রবীণ নেতা অসীম দাশগুপ্ত। কামারহাটির বাম প্রার্থীর সমর্থনে সকালে সেখানে একটি বাইক র‍্যালির'ও আয়োজন করা হচ্ছে।

ISF নেতা নৌশাদ সিদ্দিকি, সকালে ক্যানিং পূর্ব বিধানসভা কেন্দ্র, বিকেলে হাড়োয়ার গোপালপুর এবং সন্ধ্যায় দত্তপুকুরে রোড শো করবেন। এছাড়া, দক্ষিণ ২৪ পরগণার

নাটুনহাট এবং উত্তর ২৪ পরগনার রাজারহাট, দেগঙ্গা, আমডাঙ্গা ও নিমতায় জনসভায় সামিল হবেন।

এর আগে গতকাল বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাজ্যে বিভিন্ন প্রচার কর্মসূচীতে অংশ নেন।তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী'ও একাধিক জনসভা করেন।

***********************

রাজ্যে দ্বিতীয় দফায় ১৪২টি আসনে ভোটের জন্য আজ পর্যন্ত ইভিএম ও ভিভিপ্যাট কমিশনিং-এর কাজ চলবে। পাশাপাশি ভোটের দিন অপরিহার্য ও নির্বাচনের কাজে যুক্ত কর্মীরা আজ পর্যন্ত সংশ্লিষ্ট রিটার্নিং আধিকারিকের সদর দপ্তরে পোস্টাল ভোট দিতে পারবেন বলে নির্বাচন কমিশন জানিয়েছে।
এদিকে নির্বাচনের আগে বিশেষ অভিযান চালিয়ে এপর্যন্ত নগদ অর্থ, মদ, মাদক জাতীয় দ্রব্য, মূল্যবান ধাতু সহ ৪৮ হাজার ১৩৯ লক্ষ ৩৯ হাজার টাকার সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে একথা জানানো হয়েছে।

***********************

রাজ্যের সঙ্কটপ্রবণ বুথ গুলোতে একতরফাভাবে CRPF মোতায়েন করা হয়েছে - এই দাবি করে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলা খারিজ করে দিল কলকাতা হাইকোর্ট। বিচারপতি কৃষ্ণা রাও এক নির্দেশে জানিয়েছেন ২০২৩ সালের নির্বাচন সংক্রান্ত ম্যানুয়াল অনুযায়ী সংকটপ্রবণ বুথ চিহ্নিত করে সেখানে CRPF মোতায়েন করার সিদ্ধান্তে কোন ভুল নেই। সেই কারণেই বাহিনীর নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলা খারিজ করে দেওয়া হচ্ছে। বাহিনী মোতায়েন করা নিয়ে গত ১৮ এপ্রিল কমিশনের দেওয়া বিজ্ঞপ্তি বজায় থাকবে।

নির্বাচন কমিশন ১৮ এপ্রিল বিজ্ঞপ্তি দিয়ে জানায়, সংকটপ্রবণ বুথে CRPF মোতায়েন থাকবে।

মামলার শুনানিতে শাসকদলের তরফে বক্তব্য ছিল, কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর মিলিত বাহিনী সিএপিএফ। তারমধ্যে BSF, ITBP, CISF–এর মতো বাহিনী রয়েছে।

অথচ শুধু বেছে বেছে CAPF-কে বুথে মোতায়ন করা হয়েছে। তাদের আরও বক্তব্য, ইলেকশন কমিশনের ম্যানুয়াল অনুযায়ী, কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে বুথে স্থানীয় পুলিশেরও থাকার কথা। অথচ পুলিশকে বুথের ভিতরে দায়িত্ব দেওয়া হয়নি।

কেন্দ্রীয় বাহিনী মোতায়েন সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের রায়কে স্বাগত জানিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। দপ্তরের তরফে বলা হয়েছে, নির্বাচন কমিশনের এই পদক্ষেপ যে সঠিক, আদালতে তা প্রমাণিত হয়েছে।

***********************

রেশন বন্টন দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয়- ইডি , আজ ভোর থেকে চাল ব্যবসায়ী সমীর চন্দ্রের হাবরার জয়গাছি নেতাজী রোডের বাড়িতে তল্লাশী চালাচ্ছে। এছাড়া ইডি আধিকারিকরা, জেরাও করছেন।
চাল ব্যবসায়ীর বাড়ি, দোকান সহ হাবড়ার অন্য কয়েকটি জায়গাতেও তল্লাশী চালানো হচ্ছে। সঙ্গে আছে কেন্দ্রিয় বাহিনী।

***********************

বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যজুড়ে ঝড় বৃষ্টির পূর্বাভাস। উত্তরবঙ্গে জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় আজ ভারী বৃষ্টির কমলা সতর্কতা দেওয়া হয়েছে। মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং দার্জিলিং জেলাতেও ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা ।

দক্ষিণ বঙ্গে বীরভূম, মুর্শিদাবাদ নদীয়া পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং পুরুলিয়া জেলায় আজ ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে দমকা হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে।। তবে এরইসঙ্গে পশ্চিমের জেলা গুলিতে উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়াও বজায় থাকবে। দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামীকাল বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন

(বাইট- হাবিবুর )

কলকাতা ও আশপাশের এলাকাতেও আজ আকাশ আংশিক মেঘলা থাকবে বিকেলের পর বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টি হওয়ার সম্ভাবনা।

ঝোড়ো হাওয়ার সম্ভাবনা থাকা মৎস্যজীবীদের, আগামীকাল থেকে মঙ্গলবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

******************************************************************